

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ/১০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৪.২১-১৬১।—“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৪৯৩ নং ও ২৫ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৫২৩ স্মারকমূলে জারীকৃত পত্রের শ্রেফিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১১ (এগার) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ২৬ নভেম্বর, ২০২১খ্রিঃ হতে ৩০ নভেম্বর, ২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রমিক নং	জেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	নোয়াখালী	সেনবাগ	জনাব এস. এম. মোসলেহ উদ্দিন মিজান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী	
২.	লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর	জনাব মোঃ তারেক আজিজ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর	

(১৭৭১৩)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
৩.	পাবনা	বেড়া	জনাব সুকান্ত সাহা সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা	
৪.	রংপুর	পীরগঞ্জ	জনাব দেবাংশু কুমার সরকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর	
৫.	পটুয়াখালী	গলাচিপা	জনাব শান্তনু কুমার মন্ডল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী	
৬.	টাঙ্গাইল	ঘাটাইল	জনাব আকরামুল ইসলাম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল	
৭.	মৌলভীবাজার	শ্রীমঙ্গল	জনাব এম. মিজবাহ উর রহমান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার	
৮.	গাজীপুর	কালিয়াকৈর	বেগম ফারজানা ফাবুক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর	
৯.	নীলফামারী	নীলফামারী	জনাব সহদেব চন্দ্র রায় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী।	
১০.	নীলফামারী	জলঢাকা	জনাব মোঃ মেহেদী হাসান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নীলফামারী	০৪ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর
১১.	কক্সবাজার	কক্সবাজার	জনাব এ. এস. এম. এমরান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বান্দরবান	১২ নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করত সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম :.....

পৌরসভার নাম :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নাম	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্জ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোছাঃ শাহীনুর আক্তার
সিনিয়র সহকারী সচিব (আইন-১)।